R. N. No. 2532/57 Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেন্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
৮ম ও ৯ম সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৯ ও ২৬শে আষাঢ় বুধবার, ১৩৮৬ সাল।
৪ ও ১১ই জুলাই, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯্, সডাক ১০.

## গ্রাম পঞ্চায়েতে উন্নয়নমূলক কাজ ব্যাহত : অভিযোগ

জঙ্গিপুর, ৪ জুলাই—রঘুনাথগঞ্জ ২নং উন্নয়ন সংস্থাধিকারিকের 'অগণতান্ত্রিক বেআইনী ও পক্ষপাতমূলক কার্যকলাপে বড়শিমুল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতের উন্নয়ন ও সংস্কারমূলক কাজের চরম ব্যাঘাত ঘটছে' বলে বি ডি ওর কাছে প্রদত্ত স্মারকলিপিতে অভিযোগ করেছেন রঘুনাথগঞ্জ ২নং ব্লক ইন্দিরা কংগ্রেসের সভাপতি অরবিন্দ সিংহরায়, জেলা পরিষদ সদস্য ফজলুল হক, এম এল এ হাবিবুর রহমান প্রমুখ। স্মারকলিপিতে তাঁরা এর প্রতিকার ও প্রতি-বিধানের জন্য বড়শিমুল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতের নামে বিভিন্ন প্রকল্পের বরাদ্দ অর্থ পঞ্চায়েত প্রধানের হাতে অর্পণের দাবি জানিয়েছেন। স্মারকলিপিতে তাঁরা অভিযোগ করেছেন, সি পি এম সমর্থিত সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের জনৈক সদস্যের 'গুণ্ডাবাহিনী সশস্ত্র অবস্থায় টহল দিয়ে সন্ত্রাস ও ভীতির সঞ্চার করেছে। ফলে পঞ্চায়েত প্রধান ও কংগ্রেস (ই) সদস্যরা স্বাভাবিকভাবে চলাফেরা করতে পারছেন না এবং নিরাপত্তার অভাব বোধ করছেন।' তদন্ত সাপেক্ষে 'গুণ্ডা-বাহিনীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে নিরাপত্তা ফিরিয়ে আনার' দাবিও স্মারকপত্রে করা হয়েছে। বলা হয়েছে, ইতিপূর্বে ডেপুটেশন দেওয়া সত্ত্বেও এক্‌জিকিউটিভ অফিসার হিসেবে বি ডি ও তাঁর দায়িত্ব পালন না করায় পুনরায় এই ডেপুটেশন দেওয়া হল। গিরিয়া গ্রাম পঞ্চায়েতের অধীন সোনারপাড়া ও পাতলাটোলা গ্রামে পদ্মা নদীর অবক্ষয়ের ফলে ৭০টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। জানানো সত্ত্বেও তাদের পুনর্বাসন ও সাহায্যের কোন ব্যবস্থা করা হয়নি বলে স্মারকলিপিতে অভিযোগ করে ক্ষতিগ্রস্তদের দ্রুত পুনর্বাসন ও ভাঙ্গন প্রতিরোধের দাবি জানানো হয়েছে।

## বিচ্ছিন্ন গ্রাম উন্নতির দাবিতে সোচ্চার

সংবাদদাতা, ৪ জুলাই- সাগরদীঘি ব্লকের বালিয়া গ্রাম পঞ্চায়েতের অধিকাংশ গ্রাম ভাগীরথী ও উপলাই বিলের তীরে অবস্থিত হওয়ায় ফরাক্কার উপচে পড়া জলে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। সেচের অভাবে দোগাছি, নয়ানডাঙ্গা বালিয়াডাঙ্গা, উজ্জ্বলনগর, নয়াপাড়া, ত্রৈলোক্যনগর, কয়ালপাড়া ও রামনগরের কিছু অংশে চাষ করা সত্ত্বেও ফসল পাওয়া যায় না। বর্ষায় বন্যায় ভাসিয়ে দেয় সমস্ত জমি। গ্রামবাসীদের মতে, এলাকায় রিভার পাম্প বসালে এই সমস্যার সমাধান হবে এবং সবুজ ফসলে গ্রামগুলি ভরে উঠবে। যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য রামনগর—ফরাক্কা বাদশাহী সড়কের আজিমগঞ্জ থেকে রঘুনাথগঞ্জ পর্যন্ত কাঁচা অংশটুকু পাকা করলে একটি বিস্তীর্ণ অঞ্চল উপকৃত হবে। বর্তমানে মনিগ্রাম থেকে বালিয়া পর্যন্ত ইটের রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। যাতায়াতের অসুবিধার ফলে, কাছাকাছি কোন চিকিৎসা কেন্দ্র না থাকায়, পথিমধ্যে রোগীর মৃত্যু ঘটে যাওয়া বিচিত্র নয়। গ্রামগুলি এখন তাই সেচ ও যাতায়াত ব্যবস্থার উন্নতির দাবিতে সোচ্চার হচ্ছে।

## হাজার হাজার টাকা আত্মসাতের অভিযোগ

জঙ্গিপুর, ৪ জুলাই—সরকারী রেশম বীজাগারের জঙ্গিপুর শাখার প্রদর্শকের বিরুদ্ধে 'বন্যায় ক্ষতিগ্রস্ত রেশম শিল্পীদের সাহায্যের নামে দালাল মারফৎ শিল্পীপিছু ৫০/৭০ টাকা ঘুষ নেওয়ার' অভিযোগ উঠেছে। অনেক শিল্পী 'ঘুষ দিয়েও' অনুদান না পেয়ে জঙ্গিপুর অফিসে এসে কৈফিয়ৎ তলব করলে ঘুষ নেওয়ার কথা অস্বীকার করা হয়। পরে ডি ওয়াই এফ এর একদল কর্মী সংশ্লিষ্ট প্রদর্শককে ছ'ঘণ্টা ঘেরাও করে রাখলে তিনি নাকি 'ঘুষ নেওয়ার কথা স্বীকার' করেন। তাঁর এই স্বীকারোক্তিতে সকলে বিক্ষোভে ফেটে পড়েন। জানা যায়, প্রদর্শক শেষ পর্যন্ত মুচলেকা লিখে দেন এবং 'ঘুষ নেওয়ার জন্য ক্ষমা চেয়ে' দশ দিনের মধ্যে টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দেন।

## ফরাক্কা সিআইএসএফ নেতা দিল্লীতে ধৃত

ফরাক্কা ব্যারেজ, ৩ জুলাই—কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর (সি আই এস এফ) ফরাক্কার একজন নেতাকে দিল্লীতে গ্রেপ্তার করা হয়েছে। ৩৪ জনের একটি প্রতিনিধি দল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এইচ এম প্যাটেলের সঙ্গে দেখা করতে গেলে বিশ্বাসভঙ্গ এবং বিশৃঙ্খলার অভিযোগে তাঁদের গ্রেপ্তার করা হয়। ধৃত নেতাদের মধ্যে ফরাক্কা সি আই এস এফ এর স্বর্ণ সিং নামে একজন নেতা আছেন। চারজনের একটি প্রতিনিধি

(দ্বিতীয় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## সুরা-সাকী সমাচার

সাগরদীঘি, ১১ জুলাই—সাম্প্রতিক এক মঙ্গলবারের রাত্রে স্থানীয় স্বেচ্ছাসেবকদের হাতে তিনজন সরকারী কর্মচারী 'সুরা ও সাকী' সমেত ধরা পড়েন বলে জানা যায়। তাঁদের মধ্যে একজন সাব-রেজিষ্ট্রি অফিসের বড়বাবু বলে প্রকাশ। ক্ষমা প্রার্থনার পর তাঁদের ছেড়ে দেওয়া হয় বলে খবর।

## হাসপাতালে অনশন

রঘুনাথগঞ্জ, ৩ জুলাই—অবিলম্বে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে এ্যাম-বুলেন্স চালুসহ ৯ দফা দাবিতে জঙ্গিপুর মহকুমা কংগ্রেস, যুব কংগ্রেস ও ছাত্রপরিষদের ৪৪ জন কর্মী ১ জুলাই থেকে হাসপাতালের সামনে ৪৮ ঘণ্টা অনশন করেন। সুতীর এম এল এ মোঃ সোহরাব ও রঘুনাথগঞ্জ ১নং ব্লক কংগ্রেস সভাপতি রবীন্দ্র পণ্ডিত জানান, প্রায় এক বছর থেকে

(দ্বিতীয় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## যুক্ত সংগ্রাম কমিটির নেতৃবৃন্দ দিল্লীতে

ফরাক্কা ব্যারেজ, ৩ জুলাই—ফরাক্কা বাঁধ প্রকল্পের কর্মীদের দাবি-দাওয়া নিয়ে আলোচনার জন্য যুক্ত সংগ্রাম কমিটির নেতৃবৃন্দ ৩০ জুন এবং ১ জুলাই ফরাক্কা থেকে দিল্লী রওনা হয়েছেন। সেখানে তাঁরা কেন্দ্রীয় কৃষি ও সেচমন্ত্রী সুরজিৎ সিং বারনালার সঙ্গে আলোচনায় বসবেন। দাবি-দাওয়া পূরণ না হলে যুক্ত সংগ্রাম কমিটির তৃতীয় পর্যায়ের আন্দোলনে গণ অনশন, ধর্মঘট ও জাতীয় সড়ক অবরোধ করা হবে বলে ঘোষণা করা হয়েছে।

## গঙ্গাভাঙ্গন অব্যাহত

ফরাক্কা ব্যারেজ, ৩ জুলাই—ফরাক্কা থানার অর্জুনপুর থেকে বটতলা পর্যন্ত গঙ্গাভাঙ্গন অব্যাহত আছে। জল বাড়ার সঙ্গে সঙ্গে এই ভাঙ্গন শুরু হয়েছে বলে জানা গেছে। ভাঙ্গন প্রতিরোধ বিভাগ থেকে পাথর ফেলে ভাঙ্গন রোধের চেষ্টা করা হচ্ছে। কিন্তু তাতে কোন ফল না হওয়ায় এখন পর্যন্ত বেশ কয়েকটি বাড়ী গঙ্গাগর্ভে বিলীন হয়ে গেছে। এই ভাঙ্গনের ফলে বি এ কে লুপ লাইন ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা দেখা দিয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে।

## সাগরদীঘির গ্রামে ডাকাতি, মহিলা জখম

সাগরদীঘি, ২ জুলাই— এই থানার যোগপুর গ্রামে গতকাল রাত্রে মদন মণ্ডলের বাড়ীতে একটি সশস্ত্র ডাকাতির ঘটনায় প্রায় ১৫ ভরি সোনার গহনা, আড়াই মণ কাঁসাপিতলের বাসন ও ৫৬০ টাকা নগদ লুণ্ঠিত হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। জানানো হয়েছে, ২৫/৩০ জনের সশস্ত্র ডাকাতদল বাড়ীতে ঢুকে লুঠতরাজ চালায়, বোমা ফাটায় এবং মারধোর করে। তাদের প্রহারে গৃহস্বামী ও গৃহস্বামীর ভাগ্নী সবিতা ঘোষ এবং বোমার আঘাতে গৃহস্বামীর বোন আহত হন। বোমায় আহত মহিলাকে সাগরদীঘি হাসপাতালে ভর্তি করা হয়েছে। আঘাত গুরুতর হওয়ায় সবিতা ঘোষকে বহরমপুর হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

## খেলার খবর

১৫ জুন ফরাক্কা ব্যারেজ মাঠে স্থানীয় ইলেভেন ষ্টারের পরিচালনায়, বিশ্বজিৎ স্মৃতি শীল্ডের নক আউট ফুটবল খেলা শুরু হয়েছে। মুর্শিদাবাদ এবং মালদহ জেলার মোট উনিশটি দল এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেছে।

বহরমপুর—ফরাক্কা ও
বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
নেশার বাস সারভিস
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয় )

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
ভারত বেকারীর
শ্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

ক্যালকাটা সাইকেল ষ্টোর
( জগন্নাথের সাইকেলের দোকান )
রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## চলন্ত ট্রেনে ডাকাতি

রঘুনাথগঞ্জ, ৭ জুলাই—গতকাল রাত সাড়ে দশটা নাগাদ আপ হাওড়া-বারহারোয়া প্যাসেঞ্জার জঙ্গিপুর রোড ষ্টেশনে ঢোকার আগে একদল সশস্ত্র ডাকাত ডাকাতি করে চলন্ত ট্রেন থেকে নেমে পালিয়ে যায়। ঘটনার বিবরণে প্রকাশ, ট্রেন গনকর ষ্টেশন ছাড়ার পর ডাকাতরা ছোড়া নিয়ে একটি দ্বিতীয় শ্রেণীর কামরার যাত্রীদের উপর ঝাঁপিয়ে পড়ে মারধোর এবং জিনিসপত্র লুঠ করে। গনকর ষ্টেশনে রেলপুলিশ এসে কামরাটি দেখে যাওয়ার পর ঘটনাটি ঘটায় ডাকাতদলের সঙ্গে রেলপুলিশের যোগসাজস আছে বলে সন্দেহ করা হচ্ছে। ট্রেনটি জঙ্গিপুর রোড ষ্টেশনে থামার সঙ্গে সঙ্গে আহত যাত্রীদের জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়।

### বিজ্ঞপ্তি

শ্রীঅরুণ ষ্টুডিও ( রঘুনাথগঞ্জ ) বুধবার অর্ধদিবস ও বৃহস্পতিবার পূর্ণদিবসের পরিবর্তে শনিবার অর্ধদিবস ও রবিবার পূর্ণদিবস বন্ধ থাকিবে।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## এ পক্ষের চাষবাস



১৬ই—৩২শে আষাঢ়

**ধান ঃ**

আউশের জমিতে সময় মত প্রথম ও দ্বিতীয় দফার চাপান সার দিন। সার দেওয়ার সময় ও সারের পরিমাণ জানার জন্য আগের পক্ষের বিজ্ঞাপনটি দেখুন। সারা পক্ষ ধরেই আমন ধানের বীজতলা তৈরী করা চলবে। আমনের চারা তৈরীর জন্য একসঙ্গে সব বীজ না ফেলে দফায় দফায় বীজ ফেলুন। এক একর জমি রোয়ার জন্য দশ শতক বীজতলায় বীজ ফেলুন। এরকম প্রতি বীজতলায় জমি তৈরীর সময় ১ টন গোবর সার, ২ কেজি নাইট্রোজেন, ২ কেজি ফস্‌ফেট ও ২ কেজি পটাশ দিয়ে জমি তৈরী করুন। বীজ ফেলার ১২-১৫ দিনের মাথায় রোগ ও পোকার আক্রমণ প্রতিরোধ করার জন্য ওষুধ স্প্রে করুন। সেচের সুবিধা থাকলে বা বৃষ্টির জল পেলে এ পক্ষ থেকে আমনের চারা রোয়ার কাজ শুরু করুন। জলদি ও মাঝারি জাতের চারা ২০×১০-১৫ সে. মি ( ৮"×৪"-৬" ) দূরত্বে রুইবেন। নাবিজাতের চারা রুইতে হবে ২৩×২৩ সে. মি ( ৯"×৯" ) দূরত্বে। জমি তৈরীর সময় শেষ চাষের আগে জলদি জাতে একরে ৫ কেজি নাইট্রোজেন, ১০ কেজি ফস্‌ফেট ও ১০ কেজি পটাশ, মাঝারি ও নাবিজাতে একরে ৬ কেজি নাইট্রোজেন, ১২ কেজি ফস্‌ফেট ও ১২ কেজি পটাশ এবং মাসুরী ইত্যাদি জাতে একরে ৮ কেজি নাইট্রোজেন, ৮ কেজি ফস্‌ফেট ও ৮ কেজি পটাশ দিয়ে জমি তৈরী করুন।

**পাট ঃ**

দেরীতে বোনা পাটের জমিতে যথাসময়ে পরিমাণমত নাইট্রোজেন চাপান সার দিন। প্রয়োজন হ'লে চাপান সারের মাত্রা কিছুটা বাড়িয়ে দিন। এতে দেরীতে বোনার ক্ষতি কিছুটা পূরণ হ'তে পারে।

**চীনাবাদাম ঃ**

পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের উঁচু জমিতে এসময় চীনাবাদাম লাগাতে পারেন। জমি তৈরীর সময় একরে ৬ কেজি নাইট্রোজেন, ১২ কেজি ফস্‌ফেট ও ১৮ কেজি পটাশ দিয়ে জমি তৈরী করে ৩০ সে. মি. × ১৫ সে. মি. দূরত্বে সারিতে বীজ লাগান।

**ফল ঃ**

এ সময় আম, কাঁঠাল, আতা, লেবু, সুপারী, কলা ইত্যাদি ফলের চারা বা কলম লাগানোর ভাল সময়।

**শাকসবজী ঃ**

এ পক্ষেও ঢ্যাঁড়শ, কুমড়ো, লাউ, করলা, শশা ইত্যাদি সবজীর বীজ লাগাতে পারেন। আগে লাগানো বিভিন্ন সবজীর ক্ষেতে প্রথম দফার চাপান সার দিন।

ভারত-জার্মান
সার প্রশিক্ষণ প্রকল্প
১২ বি, রাসেল স্ট্রীট, কলিকাতা-৭০০০৭১

/naa

## বিজ্ঞপ্তি

### মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষৎ

*গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের পুষ্টি প্রকল্পের জন্য রুটি সরবরাহের দরপত্রের বিজ্ঞপ্তি।*

মুর্শিদাবাদ জেলা স্কুলবোর্ডের অধীনে গ্রাম অঞ্চলের প্রাথমিক ও নিম্ন বুনিয়াদি স্কুলে মধ্যাহ্নকালীন টিফিনের জন্য নেট ৪৫০ গ্রাম ওজনের ৭৫ গ্রামের ৬ খণ্ড হিসাবে রুটি সরবরাহ করার জন্য সুপ্রতিষ্ঠিত বেকারীর নিকট হইতে গালা মোহর করা খামে টেণ্ডার-দরপত্র আহ্বান করা হইতেছে।

আগ্রহী বেকারীর মালিক সমস্ত কাজের দিন সকাল ১১ টা হইতে ২ টা পর্য্যন্ত বিশদ বিবরণ, নিয়মাবলী ও দরপত্রের ফরমের জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করিতে পারেন।

দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২০শে জুলাই, ১৯৭৯ বেলা ২ ( দুই ) ঘটিকা। দরপত্র খুলিবার দিন ২০শে জুলাই, ১৯৭৯ বেলা ২ ( দুই ) ঘটিকা। সর্ব্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নহেন ও প্রয়োজনবোধে কারণ না দর্শাইয়া যে কোন বা সকল দরপত্র অগ্রাহ্য করিবার সর্ব্বাধিকার দরপত্র আহ্বানকারী কর্তৃক সংরক্ষিত।

স্বাঃ সরোজকুমার ঘোষ
সম্পাদক, এ্যাড হক কমিটি,
মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষৎ (ভারপ্রাপ্ত)
পঞ্চাননতলা ঃ পোঃ বহরমপুর।

## খরা কবলিত এলাকায় অধিক ফলনশীল আমন ধানের চাষ বাড়ান

গত এপ্রিল, মে এবং জুনের প্রথম সপ্তাহ পর্যন্ত আশানুরূপ বৃষ্টি না হওয়ায় অর্দ্ধেক জমিতে পাট ও এক তৃতীয়াংশ জমিতে আউশ ধান বোনা সম্ভব হয় নাই। এই সমস্ত এলাকায় বৃষ্টি পাতের সুযোগ নিয়ে যতদূর সম্ভব অধিক ফলনশীল আমন ধান লাগান। জমির অবস্থান অনুযায়ী জেলার অধিক ফলনশীল জাতের সুপারিশ হল--

| | |
|---|---|
| ১) উঁচু :—যেখানে ২-৪ ইঞ্চি জল দাঁড়ায় ১০০-১২০ দিনে পাকে | কাবেরী, পলদন ৫৭৯, রত্না, পুসা ৩৩-৩০, আই ই টি ২২৩৩, ১৪৪৪, ২৮১৫, আই আর ২৮, ৩০ ইত্যাদি। |
| ২) মাঝারী :—যেখানে ৪ ৮ ইঞ্চি জল দাঁড়ায় ১২০-১৪০ দিনে পাকে | জয়া, বাণী, জয়ন্তী, আই আর ২০, ২২ ২৬, আই ই টি ২৮-৯৫, ২২-৫৪, সি এন এম ৩১ ইত্যাদি। |
| ৩) মাঝারী নীচু :—যেখানে ৮-১১ ইঞ্চি পর্যন্ত জল দাঁড়ায় ১৪০-১৫০ দিনে পাকে | পংকজ, মাসুরী, আই ই টি ৩২৫৭। |
| ৪) নীচু :—যেখানে ১-২ ফুট জল দাঁড়ায় ১৫০ দিনের বেশী | এন সি ১২৮১ ও সি ১৩৯৩ ইত্যাদি। |
| ৫) বেশী নীচু :—যেখানে ৩-১২ ফুট জল দাঁড়ায় ১৮০ দিনের বেশী | জলধি ১, জলধি ২। |

*জেলায় ৫০০০ ধানের মিনিকিট বিলি করার ব্যবস্থা হয়েছে।

*প্রায় ৮০০ একর জমিতে সাধারণ বীজতলা করা হচ্ছে। আরও পরামর্শের জন্য গ্রাম সেবক বা কৃষি সম্প্রসারণ আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন।

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত।

মুর্শিদাবাদ জেলা তথ্য দপ্তর কর্তৃক প্রকাশিত।

### সাহিত্য সম্মেলন

ত্রৈমাসিক 'বর্তিকা' আয়োজিত দ্বাদশ বার্ষিক সাহিত্য সম্মেলন আগামী ১৪ ও ১৫ আগষ্ট বহরমপুর ভ্রাতৃ সংঘ প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। আন্তর্জাতিক শিশুবর্ষ উপলক্ষে এ বছর অনুষ্ঠানটি শিশুদের মধ্যেই সীমাবদ্ধ রাখা হয়েছে। আবৃত্তি, প্রবন্ধ, গল্প ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য ১৫ জুলাই এর মধ্যে ভ্রাতৃ সংঘ ক্লাব, গোরাবাজার, পোঃ বহরমপুর ( পঃ বঃ ) ঠিকানায় যোগাযোগের জন্য অনুরোধ জানানো হয়েছে।

জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও বেশী ভাল হয়।


সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



Godrej

"The quality is never an accident, But it is always the result of an important efforts"

উক্তিটির সার্থক রূপকার গোদরেজ। গোদরেজের ষ্টীল আলমারী, অফিস আসবাব এবং রেফ্রিজেরেটর ও টাইপরাইটার এখন ষ্টীলজগতের এক এবং অনন্য। আপনার মনের মত সেরা জিনিসটি আপনি পছন্দ করে নিয়ে যান আমাদের শো-রুম থেকে।





★ এক এবং অনন্য পরিবেশক—

মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ
বোলপুর ★ বীরভূম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।